

## সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৮]

২/ ঈমান (کتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩৬/ অজ্ঞাতসারে মুমিনের আমল নষ্ট হওয়ার আশংকা

باب خَوْفِ الْمُؤْمِنِ مِنْ أَنْ يَحْبَطَ عَمَلُهُ وَهُوَ لاَ يَشْعُرُ

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ عَرْعَرَةَ، قَالَ حَدَّتَنَا شُعْبَةُ، عَنْ زُبَيْدٍ، قَالَ سَأَلْتُ أَبَا وَائِلٍ عَنِ الْمُسْلِمِ الْمُرْجِنَّةِ،، فَقَالَ حَدَّثَنِي عَبْدُ اللَّهِ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ "سِبَابُ الْمُسْلِمِ فُسُوقٌ، وَقِتَالُهُ كُفْرٌ ".

বাংলা

ইবরাহিম তায়মী (রহঃ) বলেনঃ আমার আমলের সাথে যখন আমার কথা তুলনা করি, তখন আশঙ্কা হয়, আমি না মিথ্যাবাদী হই। ইবনু আবূ মুলায়কা (রহঃ) বলেন, আমি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এমন বিশজন সাহাবীকে পেয়েছি, যারা সবাই নিজেদের সম্পর্কে নিফাকের ভয় করতেন। তাঁরা কেউ এ কথা বলতেন না যে, তিনি জিবরীল (আঃ) ও মীকাঈল (আঃ) এর তুল্য ঈমানের অধিকারী। হাসান বসরী (রহঃ) থেকে বর্ণিত, নিফাকের ভয় মু'মিনই করে থাকে। আর কেবল মুনাফিকই তা থেকে নিশ্চিত থাকে। তউবা না করে পরস্পর লড়াই করা ও পাপাচারে লিপ্ত হওয়া থেকে সতর্ক থাকা। কারন আল্লাহ্ তা'আলা বলেনঃ (افَعُمُ يَعْلَمُونَ এবং তাঁরা (মুত্তাকিরা) যা করে ফেলে, জেনে শুনে তাঁর (গুনাহর) পুনরাবৃত্তি করে না (৩ంঃ ১৩৫)

৪৬। মুহাম্মদ ইবনু 'আর 'আরা (রহঃ) ... যুবায়দ (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেনঃ আমি আবূ ওয়াইল (রহঃ)-কে মুরজিআ[১] সম্পর্কে জিজ্ঞাসা করলাম, তিনি বললেন, 'আবদুল্লাহ ইবনু মাস'উদ) আমার কাছে বর্ণনা করেছেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ মুসলিমকে গালি দেওয়া ফাসিকী এবং তার সাথে লড়াই করা কুফরী।

## **English**

(What is said regarding) the fear of a believer that his good deeds may be annulled (lost) without his knowledge



## Narrated 'Abdullah:

The Prophet (ﷺ) said, "Abusing a Muslim is Fusuq (an evil doing) and killing him is Kufr (disbelief)."

## ফুটনোট

[১] একটি বাতিল ফিরকা, যাদের মত হল, ভাল হোক বা মন্দ কোন আমলের মূল্য নেই এবং ইমান আনার পর কোন গুনাহ ক্ষতিকর নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ যুবায়দ (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন